

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।



স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬- ২৬০২৪

তারিখ- ২৮/০৭/১৪২৭ বঃ  
০৬/০২/২০২০ খ্রিঃ

### অফিস আদেশ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অধীন ৫.১ কর্মসম্পাদন সূচক অর্জনের নিমিত্ত প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের মধ্যে নিম্নোক্ত ০৩টি উদ্যোগ/ধারণা বাস্তবায়নের নিমিত্ত চূড়ান্ত অনুমোদন দেয়া হলো।

ক্রঃ	ইনোভেশন আইডিয়ার শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা প্রদানকারীর নাম	যে কারণে উদ্ভাবনী ধারণাটির উদ্ভব হয়েছে	প্রস্তাবিত উদ্যোগ বাস্তবায়িত হলে অর্জিত সমাধান
১.	ফায়ার সেফটি ম্যানেজার কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনকরণ;	১.ইনোভেশন টিম, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। ও ২. প্রশিক্ষণ সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।	বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে সেবা গ্রহীতা বা তার প্রতিনিধিকে ন্যূনতম চারবার অধিদপ্তরে আসতে হয় (যেমন আবেদন পত্র সংগ্রহ, আবেদন পত্র জমা, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ও পে অর্ডার জমা)। তাছাড়া চূড়ান্ত সেবা পেতে সেবা গ্রহীতাকে ০৯টি ধাপ পেরুতে হয়। ফলে সেবা গ্রহীতার সময় ও অর্থ ব্যয় এবং ভোগান্তি বৃদ্ধি পায়;	প্রস্তাবিত ৬ মাস মেয়াদি ফায়ার সেফটি ম্যানেজার কোর্স-এ ভর্তি সংক্রান্ত দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ এর মাধ্যমে – ● সেবাগ্রহীতা কোন ভিজিট ছাড়া নিজ অবস্থানে থেকেই অনলাইনের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ, আবেদনপত্র দাখিল, ভর্তি পরীক্ষার ফলাফল সংগ্রহ করতে পারবেন। ● ভর্তি এবং পরবর্তীতে পরীক্ষা ও ফলাফল সম্পর্কে নোটিফিকেশন পাবেন।
২.	ফায়ার সাইন্স ও অকুপেশনাল সেফটি কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম সহজিকরণ;	১.ইনোভেশন টিম, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। ও ২. প্রশিক্ষণ সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।	বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে সেবা গ্রহীতা বা তার প্রতিনিধিকে ন্যূনতম চারবার অধিদপ্তরে আসতে হয় (যেমন আবেদন পত্র সংগ্রহ, আবেদন পত্র জমা, পে অর্ডার জমা)। তাছাড়া চূড়ান্ত সেবা পেতে সেবা গ্রহীতাকে ০৯টি ধাপ পেরুতে হয়। ফলে সেবা গ্রহীতার সময় ও অর্থ ব্যয় এবং ভোগান্তি বৃদ্ধি পায়;	ফায়ার সাইন্স ও অকুপেশনাল সেফটি কোর্স- এর ভর্তি সংক্রান্ত দাপ্তরিক কার্যক্রম সহজিকরণের মাধ্যমে – ● সেবাগ্রহীতা কম সময় ব্যয়ে সেবা পাবেন; ● গমনাগমন না করেই ইমেইলের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন; ● মোবাইল মেসেজের মাধ্যমে ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত তথ্য পাবেন।
৩.	মাদ কন্ট্রোল ডিভাইস ফর ল্যান্ড স্লাইডিং	১.ইনোভেশন টিম, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। ও ২. প্রশিক্ষণ সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।	বর্তমানে ল্যান্ড স্লাইডিং অপারেশনের ক্ষেত্রে উদ্ধারকর্মী এবং কাদামাটিতে আটকেপড়া আহতদের নিরাপত্তায় কোন ডিভাইস(সরঞ্জাম) না থাকায় উদ্ধার কাজটি ঝুঁকিপূর্ণ এবং কাংখিত ফলদানে ব্যর্থ হয়। এতে সেবাদানকারী প্রতিষ্ঠানটি হতে নাগরিকদের দেয়া সেবাদান প্রতিশ্রুতি ব্যহত হয়।	সরল যন্ত্রটি ব্যবহারের মাধ্যমে – ● ভূমিধসের ফলে কাদামাটিতে আটকেপড়া নাগরিককে পুনঃধস হতে রক্ষা করা যাবে; ● উদ্ধারকারীগণ নিজেদের রক্ষা করতে পারবেন; ● কাদামাটির স্রোত আটকে কম সময়ে উদ্ধার করা যাবে।

২। অতএব, এ অধিদপ্তরের উদ্ভাবনী টিম, মেন্টরগণ, প্রশিক্ষণ সেল এবং উদ্ভাবকগণের সমন্বিত কার্যক্রমের মাধ্যমে চূড়ান্তকৃত উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।


(স্বাক্ষরিত:- )  
মো: হাবিবুর রহমান  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ও  
ইনোভেশন অফিসার

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬-

তারিখ- \_\_\_\_\_/১৪২৭ বঃ  
/২০২০খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চীফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (অপারেশন ও মেইন্টেইনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। উপপরিচালক (অপা: ও মেইন)/ (পরিকল্পনা ও প্রশিক্ষণ)/ (উন্নয়ন)/ (অ্যান্ডুলেপ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপপরিচালক ও মেন্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..... বিভাগ (সকল), .....।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি অধিদপ্তরের তথ্য বাতায়নে আপলোড করার জন্য তাহাকে অনুরোধ জানানো হলো। )
- ৮। জনাব, ....., সদস্য, ইনোভেশন টিম, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৯। জনাব, ....., উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা প্রদানকারী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।



শামীম আহসান চৌধুরী  
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ৯৫৫৭৫৭৯